



তারিখ : ০৫ অক্টোবর ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এর শোকবার্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক রাষ্ট্রপতি, বিএনপি'র প্রতিষ্ঠাতা মহাসচিব, বিকল্পধারা'র প্রেসিডেন্ট ও খ্যাতিমান চিকিৎসক অধ্যাপক ডাঃ এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী গতরাতে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। ইন্লা লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৪ বছর। অধ্যাপক ডাঃ এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী'র মৃত্যুতে গভীর শোক ও দূঃখ প্রকাশ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আজ এক শোকবার্তায় বিএনপি মহাসচিব বলেন, “অধ্যাপক ডাঃ এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী'র মৃত্যুতে তাঁর পরিবার-পরিজনদের মতো আমিও গভীরভাবে সমব্যথা। মরহুম বদরুদ্দোজা চৌধুরী একজন দক্ষ ও প্রাজ্ঞ রাজনীতিক হিসেবে দেশের কল্যাণে কাজ করে গেছেন। তিনি ছিলেন জাতীয় রাজনীতির একজন বিশিষ্ট ব্যক্তিত্ব। তিনি তাঁর বর্ণাঢ্য রাজনৈতিক জীবনে একজন সুদক্ষ সংগঠক ও প্রাজ্ঞ রাজনীতিবিদ হিসেবে দেশের রাজনৈতিক অঙ্গনে নিজেকে সুপ্রতিষ্ঠিত করেছিলেন। গণতন্ত্রের প্রতি তাঁর আন্তরিক নিষ্ঠা তাঁকে একটি স্বতন্ত্র মাত্রা দিয়েছিল। দেশের স্বাধীকার, স্বাধীনতা ও মানুষের গণতান্ত্রিক অধিকারের সংগ্রামে তিনি ছিলেন আপোষহীন ও সাহসী যোদ্ধা। দেশ ও মানুষের প্রতি সহমর্মী মরহুম বদরুদ্দোজা চৌধুরী রাজনীতির পাশাপাশি একজন প্রসিদ্ধ চিকিৎসক হিসেবেও মানুষের সেবা করে গেছেন।”

বিএনপি মহাসচিব শোকবার্তায় অধ্যাপক ডাঃ এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী'র বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকাহত পরিবারবর্গ, আত্মীয়স্বজন, গুণগ্রাহী ও ভক্তদের প্রতি গভীর সমবেদনা জানান।

বার্তা প্রেরক

স্বঃ মুহাম্মদ মুনির হোসেন

(মুহাম্মদ মুনির হোসেন)

সহ-দফতর সম্পাদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি